

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৭. খাদ্যে বরকত প্রদানের মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যে মর্যাদা প্রদান করা হয়েছে

بَابِ مَا أُكْرِمَ بِهِ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَرَكَةِ طَعَامِهِ

আরবী

أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ عَدِيِّ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ هُوَ ابْنُ عَمْرٍو، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنْ أَنسِ بْنِ مَالِكِ رَضِيَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ طَعَامًا يَأْكُلُ مِنْهُ، سُلَيْمٍ رَضِيَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَٱتْيَتُهُ، فَقُلْتُ: بَعَثَنِي إلَيْكَ قَالَ: ثُمَّ بَعَثَنِي أَبُو طَلْحَةَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو طَلْحَةَ يَا إلَيْكَ رَسُولَ اللّهِ مَنَهُ، فَقَالَ أَبُو طَلْحَةَ يَا إلَيْكَ رَسُولَ اللّهِ، إِنَّمَا صَنَعْتُ طَعَامًا لِنَفْسِكَ خَاصَةً ؟، فَقَالَ: " لَا عَلَيْكَ انْطَلِقْ "، قَالَ: فَأَنِي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَانْطَلَقَ وَانْطَلَقُ أَلُونَ اللهُ عَلَيْهِ وَسَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَانْطَلَقَ الْقَوْمُ مُ عَلَيْهِ "، ثُمَّ قَالَ: " الْذُنْ لِعَشَرَةٍ "، قَالَ: " كُلُوا، بِاسْمِ اللّهِ " فَوَالَ: " كُلُوا عِلْهِ وَسَمَّى عَلَيْهِ "، قُطَّلُ: " كُلُوا حَتَّى شَبِعُوا، ثُمَّ قَالُ: " كُلُوا عَلَى اللهُ عَلَيْهِ وَسَمَّى عَلَيْهِ "، قَالَ: " كُلُوا عَلَى وَسَمَّى عَلَيْهِ "، قَالَ: " كُلُوا عَلَى وَسَمَّى عَلَيْهِ إِنْ اللّهُ عَلَيْهِ وَسَمَّى عَلَيْهِ وَسَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَمَ وَأَهُولُ وَتَعْ مَنُ ذَلِكَ بِثَمَانِينَ رَجُلًا مَالُولُ وَأَكُلُ رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَكُلُ وَالْكُوا اللّهِ صَلَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَهْلُ الْمُؤْولُ وَتَلَى وَلَوْ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللّهُ عَلَيْهِ وَسَلَمَ وَاللّهُ عَلَيْهِ وَسَلَمَ وَاللّهَ وَلَا اللهُ عَلَيْهِ وَسَلَمَ وَاللّهَ عَلْهُ وَلَا سُؤَمًا وَلَا اللّهُ عَلَيْهُ وَلَا اللهُ عَلَيْهُ وَا سُولًا اللّهُ عَلَيْهِ وَاللّهَ عَلَيْهُ و

إسناده صحيح

বাংলা

88. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত তিনি বলেন, আবু তালহা উম্মু সুলাইমকে নির্দেশ দিলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর জন্য খাবার তৈরি করতে। তারপর আবু তালহা আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট পাঠালেন। আমি এসে তাঁকে বললাম, আবু তালহা আমাকে আপনার



নিকট পাঠিয়েছেন। তিনি লোকদেরকে বললেন: 'তোমরা চলো।' একথা বলে তিনি চলতে লাগলেন, লোকজনও তাঁর সাথে চলতে লাগলো। আবু তালহা বললেন, হে আল্লাহর রাসূল! আমি তো শুধু আপনার জন্য খাবারের ব্যবস্থা করেছি। তিনি বললেন, তুমি ভেবো না, চলো।'

তিনি বলেন, একথা বলে তিনি চলতে লাগলেন, লোকজনও তাঁর সাথে চলতে লাগলো। খাবার উপস্থিত করা হলে রাসূল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম খাবারের উপর হাত রাখলেন এবং 'বিসমিল্লাহ' পড়ে বললেন: 'দেশজনকে আসতে বল।" তাদেরকে আসতে বলা হল। তিনি বললেন: 'তোমরা বিসমিল্লাহ বলে খাওয়া শুরু কর।' তারা সকলেই পরিতৃপ্তির সাথে খেয়ে উঠে চলে গেল। তারপর তিনি প্রথমবারের মত আবারও বিসমিল্লাহ বলে খাবারের উপর হাত রাখলেন এবং বললেন: 'দেশজনকে আসতে বল।' তাদেরকে আনা হলে তিনি বললেন: 'বিসমিল্লাহ বলে খেতে থাক।' তারাও পরিতৃপ্তির সাথে খেয়ে চলে গেল। এমনকি এভাবে তিনি আশি জনকে খাওয়ালেন।

বর্ণনাকারী বলেন, এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে খেলেন, তার পরিবার-পরিজন খেলেন এবং তারপরও খাবার অবশিষ্ট রইল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: সনদ সহীহ।

তাখরীজ: মালিক, ১৯; বুখারী ৪২২; ৩৫৭৮; মুসলিম ২০৪০; তিরমিযী ৩৬৩৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন